NHS

# ক্যানসার নির্ণয় হওয়ার পরে জেনেটিক পরীক্ষা করা

ক্যানসার রোগীদের জন্য তথ্য


## গাইনোকোলজিক্যাল ক্যানসার সেন্টার প্যান-বার্মিংহাম

## কেন আমাকে এই পরীক্ষাগুলো করানোর জন্য বলা হয়েছে

**আপনাকে জেনেটিক পরীক্ষা করানোর জন্য বলা হয়েছে কারণ আপনার ক্যানসার হয়েছে। এই পরীক্ষাগুলোর উদ্দেশ্য হল আপনাকে তথ্য দেওয়া যা আপনাকে সাহায্য করবে।**

দুইটি প্রধান ধরণের জেনেটিক পরীক্ষা রয়েছে যা আপনাকে করার জন্য বলা হবে:

1. আপনার ক্যানসার কোষগুলোর পরীক্ষা করা। আমরা সাধারণত নমুনা দিয়েই করে থাকি যা আমরা আপনার রোগ নির্ণয় করার সময় নিয়ে থাকি। একে বলা হয় 'সোমাটিক টেস্টিং' অথবা 'টিউমোরাল টেস্টিং'।
2. আপনি অন্যান্য লোকজনদের চেয়ে ক্যানসার হওয়ার উচ্চতর সম্ভাবনা নিয়ে জন্মেছেন কিনা তা বের করার জন্য আপনার রক্ত অথবা লালা পরীক্ষা করা। একে বলা হয় 'জার্মলাইন টেস্টিং'। এই পরীক্ষাটি এমন তথ্য দিতে পারে যা আপনার পরিবারকে প্রভাবিত করতে পারে।




চিত্র 1: যে দুই ধরনের পরীক্ষা করানোর জন্য বলা হয়েছে

## কিভাবে এই পরীক্ষাগুলো আমাকে সাহায্য করতে পারে?

প্রথম ধরনের জেনেটিক পরীক্ষা (টিউমার টেস্টিং) আপনার ক্যানসার কোষের উপর করা হয়। এই পরীক্ষাটি কোন চিকিৎসাগুলো আপনার জন্য ভাল কাজ করতে পারে তা খুঁজে বের করতে সাহায্য করতে পারে।

দ্বিতীয় ধরনের জেনেটিক পরীক্ষা (জার্মলাইন টেস্টিং) আপনার রক্ত অথবা লালার স্বাভাবিক কোষে করা হয়। এই পরীক্ষাটি আপনাকে এবং আপনার পরিবার উভয়কেই সাহায্য করতে পারে:

- আপনার জন্য: এটি আপনাকে বলবে যে ভবিষ্যতে আপনার অন্য ক্যানসার হওয়ার সম্ভাবনা বেশি রয়েছে কিনা। যদি তাই হয়, আপনার মেডিকেল টিম আপনাকে আবারও ক্যানসার হওয়ার সম্ভাবনা কমাতে সাহায্য করতে পারে। পরীক্ষাটি আপনার ডাক্তারকে আপনার ক্যানসার এবং তাদের কী চিকিৎসা দিতে হবে সে সম্পর্কে আরও জানাবে।
- আপনার পরিবারের জন্য: যদি পরীক্ষাটি দেখায় যে আপনি ক্যানসারে আক্রান্ত হওয়ার উচ্চ সম্ভাবনা নিয়ে জন্মগ্রহণ করেছেন, সেক্ষেত্রে আপনার আত্মীয়দের মধ্যে একই উচ্চ সম্ভাবনা থাকতে পারে। তারা পরীক্ষা না করা পর্যন্ত এটাই ব্যাপার কিনা তা তারা জানবেন না। যদি তাদেরও ক্যানসার হওয়ার একই উচ্চ সম্ভাবনা থাকে, তবে তাদের সাহায্য এবং সহায়তাও দেওয়া যেতে পারে।

## আমাকে কি এখন পরীক্ষা করাতে হবে?

না। আপনি যদি পরীক্ষা করতে চান তবে আপনি বেছে নিতে পারেন। আপনি যদি এই মুহূর্তে সিদ্ধান্ত নিতে প্রস্তুত বোধ না করেন তবে আপনি পরে সিদ্ধান্ত নিতে পারবেন।

## আমি হ্যাঁ বললে পরবর্তীতে কী হবে?

আপনার ক্যানসার কোষের জেনেটিক পরীক্ষার জন্য (প্রথম ধরনের পরীক্ষা), আপনাকে শুধু বলতে হবে যে আপনি পরীক্ষা করাতে সম্মত আছেন। তারপর আমরা পরীক্ষা করার জন্য আপনার ক্যানসারের নমুনা পাঠিয়ে দেব। আমরা সাধারণত আপনার রোগ নির্ণয় করার সময় যে নমুনা নিয়েছিলাম তাই ব্যবহার করি। আমাদের আরেকটি নমুনার প্রয়োজন হওয়ার সম্ভাবনা নেই।


আপনার রক্ত অথবা লালার (দ্বিতীয় ধরণের পরীক্ষা) স্বাভাবিক কোষের জেনেটিক পরীক্ষার জন্য, আপনাকে একটি সম্মতি ফর্মে স্বাক্ষর করতে বলা হবে। পরীক্ষা করার জন্য রক্ত অথবা লালার নমুনা নেওয়া হবে।

## আমি কিভাবে পরীক্ষা(গুলো)র ফলাফল পাব?

আপনার ক্যানসার কোষের জেনেটিক পরীক্ষার জন্য, আপনার পরবর্তী অ্যাপয়েন্টমেন্টে আপনার ডাক্তার আপনাকে জানাবেন।

আপনার স্বাভাবিক কোষের জেনেটিক পরীক্ষার জন্য, আপনার রক্তের অথবা লালার, আপনার ক্যানসার টিম আপনার সাথে যোগাযোগ করবে যখন এগুলোর ফলাফল আসবে, যার জন্য ছয় সপ্তাহ পর্যন্ত সময় লাগতে পারে।

## সম্ভাব্য ফলাফলগুলো কী?

### আপনার ক্যানসার কোষ পরীক্ষা থেকে পাওয়া ফলাফল 

আপনার ক্যানসার কোষের ফলাফলগুলো দেখাতে পারে কোন কোন চিকিৎসা আপনার জন্য সবচেয়ে ভালো হবে। এই তথ্য এই মুহূর্তে দরকারি নাও হতে পারে, তবে এটি ভবিষ্যতে সাহায্য করতে পারে যদি আপনার অতিরিক্ত চিকিৎসার প্রয়োজন হয়, অথবা যদি আপনার ক্যানসার ফিরে আসে।

আপনার ক্যানসার কোষের জেনেটিক পরীক্ষার ফলাফলগুলো আপনি অন্যান্য লোকজনদের তুলনায় ক্যানসার হওয়ার সম্ভাবনা বেশি নিয়ে জন্মগ্রহণ করেছেন কিনা তারও সূত্র দিতে পারে। কিন্তু শুধুমাত্র আপনার ক্যানসার কোষ পরীক্ষা করে নিশ্চিতভাবে এটি জানা সম্ভব নয়। এই কারণেই আপনার কাছে রক্ত অথবা লালার নমুনাও চাওয়া হয়েছিল।

### আপনার স্বাভাবিক কোষ পরীক্ষার ফলাফল (রক্ত অথবা লালা নমুনা) 

<u>"নেতিবাচক পরীক্ষা" বা "জিন পরিবর্তন উপস্থিত নয়"</u>


এর মানে হলো এই পরীক্ষাটি দেখায়নি যে আপনি বা আপনার পরিবার অন্যান্য মানুষের তুলনায় ক্যান্সারে আক্রান্ত হওয়ার সম্ভাবনা বেশি নিয়ে জন্মগ্রহণ করেছেন।

<u>"ইতিবাচক পরীক্ষা" বা "জিন পরিবর্তন উপস্থিত"</u>

এর মানে হল যে আপনি ক্যানসারে আক্রান্ত হওয়ার উচ্চ সম্ভাবনা নিয়ে জন্মগ্রহণ করেছেন। এটি আপনার এখন ক্যানসার হওয়ার কারণগুলোর একটি হতে পারে। এর মানে এমনও হতে পারে যে আপনার পরিবারের কেউ কেউ ক্যানসারে আক্রান্ত হওয়ার উচ্চ সম্ভাবনা নিয়ে জন্মগ্রহণ করেছেন।
এটি আপনাকে এবং আপনার পরিবারকে কিভাবে প্রভাবিত করতে পারে সে সম্পর্কে কথা বলার জন্য আপনাকে একজন বিশেষজ্ঞের সাথে অ্যাপয়েন্টমেন্টের জন্য বলা হতে পারে।

<u>অনিশ্চিত ফলাফল অথবা কোন ফলাফল নেই</u>

কখনও কখনও আমরা নিশ্চিত নই যে পরীক্ষার ফলাফলের অর্থ কী। মাঝে মাঝে, আমরা মোটেই কোনো ফলাফল পাই না। যদি এটি ঘটে, তাহলে আরও জানতে আপনাকে পুনরাবৃত্তি এবং/অথবা আরও পরীক্ষা করানোর জন্য বলা হতে পারে।




চিত্র 2: সম্ভাব্য পরীক্ষার ফলাফলের সারসংক্ষেপ

## আমার স্বাভাবিক কোষের ফলাফল নেতিবাচক হলে কী হবে?

একটি নেতিবাচক পরীক্ষা এখনও আপনার মেডিক্যাল টিমকে আপনার জন্য সর্বোত্তম চিকিৎসার সিদ্ধান্ত নিতে সাহায্য করবে। এর মানে হলো যে ভবিষ্যতে আপনার অন্যান্য ক্যানসার হওয়ার ঝুঁকি অন্য বেশিরভাগ মানুষের চেয়ে বেশি নয়।

যদি পরীক্ষা নেতিবাচক হয়, তাহলে আপনি ভাবতে পারেন কেন আপনার এখন ক্যানসার হয়েছে। কারণ সাধারণত আপনার ক্যানসার স্বাভাবিক ব্যবহারজনিত ক্ষয়ের কারণে হয়েছে যা আপনার বয়স বাড়ার সাথে সাথে আপনার শরীরে গড়ে উঠছে। এই ব্যবহারজনিত ক্ষয় আমাদের সকলের মধ্যে ঘটে এবং এই কারণেই বয়স্ক ব্যক্তিদের মধ্যে ক্যানসার বেশি দেখা যায়।

## আমার স্বাভাবিক কোষ থেকে পাওয়া ফলাফল ইতিবাচক হলে কী হবে?

যদি ফলাফলগুলো দেখায় যে আপনি ক্যানসারে আক্রান্ত হওয়ার উচ্চ সম্ভাবনা নিয়ে জন্মগ্রহণ করেছেন, আমরা নিশ্চিত করব যে আপনি অতিরিক্ত সহায়তা এবং তথ্য পাচ্ছেন। ভবিষ্যতে আবারও ক্যানসার হওয়ার সম্ভাবনাকে কিভাবে কমানো যায় সে সম্পর্কে তথ্য এবং নির্দেশনা দেওয়ার জন্য আপনাকে একজন বিশেষজ্ঞ দিয়ে দেখানো হবে। আপনার আরও যেকোনো ক্যানসার তাড়াতাড়ি সনাক্ত করার জন্য চেক-আপ করানোর জন্য বলা হতে পারে। আমরা আপনার পরিবারের জন্য ফলাফলের অর্থ কী এবং তাদের জন্যও কী করা যেতে পারে তা ব্যাখ্যা করবো।

## পরীক্ষা(গুলো) করা কি আমার পরিবারের উপর প্রভাব ফেলে?

জেনেটিক পরীক্ষা মানুষকে চিন্তিত করে তুলতে পারে যে এটি কী খুঁজে বের করবে, এবং তারা ভয় পায় যে এটি তাদের পরিবারকে প্রভাবিত করবে।

তবে, বেশিরভাগ পরীক্ষার ফলাফল নেতিবাচক আসে। এর অর্থ হলো আমরা এমন কিছু খুঁজে পাইনি যা দেখাতে পারে যে তাদের পরিবারে ক্যানসার চলছে। এর অর্থ হলো যে ব্যক্তির ক্যানসার হয়েছে তিনি তাদের পরিবারকে আশ্বস্ত করতে পারবেন।

কখনও কখনও পরীক্ষাগুলোও দেখায় যে পরিবারটির ক্যানসার হওয়ার উচ্চ সম্ভাবনা রয়েছে। এর মানে এই নয় যে পরিবারের প্রত্যেক সদস্য আক্রান্ত। প্রতিটি ব্যক্তিকে খুঁজে বের করার জন্য তাদের নিজস্ব পরীক্ষার প্রয়োজন হবে। আমরা লোকজনদের ক্যানসার হওয়ার সম্ভাবনা কমাতে সাহায্য করতে পারি। কখনও কখনও আমরা লোকজনদের ক্যানসার হওয়ার সম্ভাবনা কমাতে অথবা এটিকে তাড়াতাড়ি সনাক্ত করতে এবং দ্রুত চিকিৎসা করতে সহায়তা করার জন্য চেক-আপ এবং চিকিৎসার জন্য বলতে পারি।

আমরা লোকজনদের তথ্যগুলো মেনে নিতে সহায়তা করার জন্য সহায়তা দেওয়ার জন্যেও বলতে পারি।

## আমার কি আমার পরিবারকে বলা দরকার আছে যে আমাকে পরীক্ষা করা হচ্ছে?

না, আপনাকে তাদেরকে বলতে হবে না যে আপনার পরীক্ষা করা হচ্ছে। আপনি তাদের সাথে ফলাফল শেয়ার করবেন কিনা সেটা আপনার ব্যাপার। আপনি তাদের বলতে চান কিনা সেই সিদ্ধান্ত নিতে আমরা আপনাকে সহায়তা করব।

## আমি পরীক্ষা করা সম্পর্কে নিশ্চিত না হলে কী হবে?

আপনি আমাদের টিমের একজন সদস্যের সাথে কথা বলতে পারেন এবং আপনার মনস্থির করার জন্য সময় নিতে পারবেন। পরীক্ষাগুলো সম্পর্কে কথা বলার জন্য আমরা আপনাকে জেনেটিক্স টিমের কাছেও রেফার করতে পারি, তবে এটির ব্যবস্থা করতে কিছুটা সময় লাগতে পারে।

## আমার তথ্য কি গোপন থাকবে?

আপনার সম্পর্কে সংগৃহীত সমস্ত ডেটা 1998 ডেটা প্রোটেকশন অ্যাক্টের অধীনে রাখা হবে এবং সুরক্ষিত ফাইলগুলোতে সংরক্ষণ করা হবে। শুধু আপনার কেয়ার টিম এবং ল্যাবরেটরির প্রশিক্ষিত স্টাফরা যারা আপনার জেনেটিক পরীক্ষা করছে তারা আপনার পরিচয় জানতে পারবে।

## কিভাবে অবশিষ্ট নমুনাগুলো রেখে দেওয়া হবে?

যেকোনো অবশিষ্ট নমুনা পরীক্ষাগারে সংরক্ষণ করা যেতে পারে। এগুলোকে পরীক্ষার পুনরাবৃত্তি করতে অথবা প্রয়োজনে আরো পরীক্ষার জন্য ব্যবহার করা যেতে পারে।

## আরো তথ্য

আপনি এখানে ক্যানসার এবং জেনেটিক পরীক্ষা সম্পর্কে আরো জানতে পারবেন:

- **Macmillan ক্যানসার সাপোর্ট:** পারিবারিক ইতিহাস, জেনেটিক্স এবং ক্যানসারের ঝুঁকি: https://bit.ly/3A0K08C (ওয়েবসাইট 21 নভেম্বর 2022 তারিখে চেক করা হয়েছে)
- **ওভাকম:** BRCA জিনের পরিবর্তনের জন্য পরীক্ষা: https://bit. ly/3DSkuDO (ওয়েবসাইট 21 নভেম্বর 2022 তারিখে চেক করা হয়েছে)
- **টার্গেট ওভারিয়ান ক্যানসার:** বংশগত ওভারিয়ান ক্যানসার: https://bit. ly/3A44TjA (ওয়েবসাইট 21 নভেম্বর 2022 তারিখে চেক করা হয়েছে)

ওভাকোম (Ovacome) হলো একটি জাতীয় দাতব্য সংস্থা যা ডিম্বাশয়ের ক্যান্সারে আক্রান্ত যে কাউকে সহায়তা এবং তথ্য প্রদানের উপর দৃষ্টি নিবদ্ধ করে। তারা ইংরেজি এবং অন্যান্য ভাষায় বেশ কয়েকটি সাপোর্ট লাইন চালিয়ে থাকেন।

- ইংরেজি: 0800 008 7054, (সোমবার থেকে শুক্রবার সকাল 10টা – বিকাল 5টা)
- অন্যান্য ভাষা (আপনাকে একটি ভয়েসমেইল দ্বারা অভ্যর্থনা জানানো হবে এবং ওভাকম সাপোর্ট টিমের একজন সদস্য একজন দোভাষীকে সঙ্গে নিয়ে আপনার কল রিটার্ন করার আগে একটি বার্তা রেখে যেতে বলা হবে):

- আরবি: 0121 647 6630
- বাংলায়: 0121 647 6631
- গুজরাটি: 0121 647 6632
- পোলিশ: 0121 647 6633
- পাঞ্জাবি: 0121 647 6634
- উর্দু 0121 647 6635

আপনার জন্য জেনেটিক পরীক্ষা ব্যাখ্যা করার জন্য আমরা ভিডিওর একটি সেট তৈরি করেছি। আপনি এই লিঙ্কের মাধ্যমে এটি অ্যাক্সেস করতে পারেন: https://ovarian.org.uk/demo-uk/ , অথবা QR কোড ব্যবহার করুন।

## যোগাযোগের ঠিকানা

আপনার কোন প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে Gynae-oncology সার্ভিসের সাথে যোগাযোগ করুন।

ovarian cancer action | IMPROVE UK

*https://ovarian.org.uk/demo-uk/*

আপনি যদি এই লিফলেটে কোনো সংশোধন বা পরিমার্জন করতে চান, অনুগ্রহ করে এসডব্লিউবি লাইব্রেরী সার্ভিসেস এর সাথে 3587 এক্সটেনশনে যোগাযোগ করুন অথবা *swbh.library@nhs.net*.

Health & care information you can trust
The Information Standard Certified Member

বার্মিংহাম ইউনিভার্সিটির একটি শিক্ষণ ট্রাস্ট

Incorporating City, Sandwell and Rowley Regis Hospitals

© Sandwell and West Birmingham Hospitals NHS Trust

ML6902
প্রকাশের তারিখ: এপ্রিল 2023
পর্যালোচনার তারিখ: এপ্রিল 2026